



তারিখ : ২২ আগস্ট, ২০২২

স্মারক নং: রিহাব/আইন/মূল্য বৃদ্ধি/সকল সদস্য/০১/২০২২/১১৭৭৫

বরাবর

সম্মানিত সদস্যবৃন্দ,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)।

বিষয় : অত্যাবশ্যকীয় নির্মাণ সামগ্রীর মাত্রাতিরিক্ত দাম বৃদ্ধির কারণে চলমান রিয়েল এস্টেট প্রকল্পসমূহের সার্বিক অতিরিক্ত ব্যয় “সমন্বয়ের” প্রয়োজনে চুক্তিপত্রে ফ্ল্যাট/এপার্টমেন্ট/কর্মাশিয়াল স্পেস এর ধার্যকৃত “বিক্রয় মূল্য” পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব) এর পক্ষ থেকে শুভেচ্ছা নিন।

বৈশ্বিক ক্রমঅবনতিশীল অর্থনৈতিক পরিস্থিতি, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও ইউ.এস ডলারের অস্বাভাবিক মূল্যমান বৃদ্ধির কারণে চলমান রিয়েল এস্টেট প্রকল্পসমূহের অবকাঠামো নির্মাণের অত্যাবশ্যকীয় সামগ্রীর মাত্রাতিরিক্ত দাম বৃদ্ধির ফলে ডেভেলপারগণ আর্থিকভাবে চরম ক্ষতিগ্রস্ত হওয়াসহ তাদের পক্ষে প্রকল্পসমূহ চলমান রাখা ক্রমশ: দুরূহ হয়ে উঠেছে। দেশের রিয়েল এস্টেট সেক্টরের বর্তমান অচলাবস্থা নিরসনের লক্ষ্যে এই বৈধ অতিরিক্ত খরচ “সমন্বয়” অপরিহার্য হয়ে পড়েছে।

তাহাড়া REHAB কর্তৃক প্রণীত সর্বজন গ্রাহ্য ও স্বীকৃত “Standard Deed of Agreement Between Developer & Purchaser(s)” এর ৬ষ্ঠ দফায় সুস্পষ্টভাবে উল্লেখ আছে যে; “In case of abnormal increase in the prices of the construction materials in the market (more than 10%) the Developer may change the price escalation for the apartment.”

উপর্যুক্ত অবস্থাদীনে, রিহাব পরিচালনা পর্ষদ (২০২১-২০২৩) এর ১৬ আগস্ট, ২০২২ তারিখের ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে দেশে চলমান বা নির্মাণাধীন রিয়েল এস্টেট প্রকল্পসমূহের ভৌগলিক অঞ্চল বা এলাকা (Geographical location), প্রকল্প এর বর্তমান অবস্থা বা পর্যায় (Stage or Status), প্রকল্পের অবশিষ্ট নির্মাণ কার্যের তফসিল (Schedule or Volume of the rest construction works) ইত্যাদি নির্মাণ সংশ্লিষ্ট যাবতীয় কাজের বিষয় বিবেচনায় নিয়ে বাস্তবতার নিরিখে সমঝোতার ভিত্তিতে বর্ধিত বিক্রয় মূল্য (Price escalation) পুনঃনির্ধারণের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়।

ধন্যবাদান্তে-

আলমগীর শামসুল আলামিন  
প্রেসিডেন্ট  
রিহাব।



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. Tel : (+88-02) 9614606, 9614607 9632570 9632571 9632572 9632573 9632574 F-mail : info@rehab-bd.org web : www.rehab-bd.org